গোপনীয়

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

প্রকা/এইচআরএমডি-২/৩৭(২)(২৭)/২০১৭-২০১৮/৪০৬২ তারিখ ঃ ১৫-০৫-২০১৮ খ্রিঃ

# কৈফিয়তনামা

যেহেতু আপনি জনাব গাজিউর রহমান (জি-৫৬৬), ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক), বিকেবি, মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ আপনাকে প্রকিউরমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা'র বিগত ০৪-০৩-২০১৮ তারিখের পত্র নং প্রকা/প্রকিউর-৫(১১)অংশ-২৪/২০১৭-২০১৮/৭৪৯(১২৫০) এর মাধ্যমে শাখায় ডিজিটাল সাইনবোর্ড তৈরীপূর্বক স্থাপন করতঃ বিদ্যমান অবস্থার তথ্যাদি ১৫-০৩-২০১৮ তারিখের মধ্যে নিয়ন্ত্রণকারী কার্যালয়ের মাধ্যমে প্রকিউরমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকাকে অবহিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক এবং পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগের মহাব্যবস্থাপক মহোদয় বিগত ১৪-০৫-২০১৮ ইং তারিখে আপনার শাখা পরিদর্শনকালে লক্ষ্য করেন যে, উক্ত নির্দেশনা আপনি অদ্যাবদি পরিপালন করেননি, যা বিকেবি, চাকুরি প্রবিধানমালা, ২০০৮ এর সুস্পষ্ট লংঘন।

০২। আপনার এহেন কার্যকলাপ বিকেবি, চাকুরি প্রবিধানমালা, ২০০৮ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা ও অদক্ষতার সামিল।

০৩। এমতাবস্থায়, বিকেবি, চাকুরি প্রবিধানমালা, ২০০৮ এর অনুচ্ছেদ ৩৮(ক) ও ৩৮(ঘ) অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা ও অদক্ষতার জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে না তার জবাব অত্র কৈফিয়তনামা প্রাপ্তির তারিখ হতে ১০ টি কর্মদিবসের মধ্যে সরাসরি এইচআরএমডি-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকায় দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। যদি নির্ধারিত সময়ের মধ্যে জবাব দানে ব্যর্থ হন তাহলে বিষয়টির উপর একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

আদেশক্রমে-

(মোঃ আজিজুল বারী)
মহাব্যবস্থাপক
প্রশাসন মহাবিভাগ

জনাব গাজিউর রহমান (জি-৫৬৬)
ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক)
বিকেবি, মানিকগঞ্জ শাখা, মানিকগঞ্জ।

প্রকা/এইচআরএমডি-২/৩৭(২)(২৭)/২০১৭-২০১৮/ তারিখ ঃ ১৫-০৫-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রশাসন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
০৪। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, মানিকগঞ্জ। কৈফিয়তনামাটি সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রাপ্তি স্বীকারের মাধ্যমে হস্তান্তর করতঃ প্রাপ্তি স্বীকার পত্রটি অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কৈফিয়তনামাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
০৬। নথি/মহানথি।

(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক